দৈনিক খবর

তারিখ 25 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ৫

15

# প্রাথমিক শিক্ষা অফিসারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

যশোর, ২৪শে নভেম্বর (এ কে এম গোলাম সরওয়ার প্রেরিত)।– জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও কেশবপুর থানা, প্রাথমিক শিক্ষা অফিসার–এর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠেছে।

প্রাপ্ত সূত্র অনুযায়ী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার গত ২–৬–৯২ তারিখে এক পত্রে (স্মারক নং মাপ্র/গ/গ(কেশ জাতীয়করণ) ৯২/৪৫১/১৬) জেলার কেশবপুর থানার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ১০ জন প্রধান শিক্ষককে ১৯৭৩ সালের ১ জুলাই থেকে আত্মীকৃত করা হয় উল্লেখ করে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা, বাংলাদেশ–এর স্মারক নং–৮২৬ তাং ২৬–১১–৮৯–এর আলোকে উক্ত ১০ জন শিক্ষককে প্রধান শিক্ষকের পদে পুনর্বহাল করে আর্থিক সুবিধাদিদানের আদেশ দেন। কিন্তু জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতিযোগ্য। মহাপরিচালকের উক্ত দাপ্তরিক আদেশটি ছিল ঝিনাইদহ জেলার শৈলাকুপা থানার আশরাফুল ইসলামসহ ৯ জনের জন্যে। কিন্তু জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও কেশবপুর থানা প্রাথমিক শিক্ষা অফিসার ব্যক্তি স্বার্থে অবৈধ পথে উক্ত শিক্ষকদের প্রধান শিক্ষক পদে পুনঃবহাল করেছেন।

সূত্র জানায়, উক্ত শিক্ষকদের পুনর্বহাল কার্যকরী করতে গিয়ে জালিয়াতির আশ্রয় নেয়া হয় বলেও অভিযোগ ওঠে। মাসিক রিটার্ন দাখিলে পুনর্বহালকৃত একজন শিক্ষক সহকারী শিক্ষক হিসেবে ৯–৬/৯২ তারিখ পর্যন্ত স্বাক্ষর করলেও পুনর্বহাল বৈধ করতে তড়িঘড়ি করে রিটার্ন পাল্টে ৬–৬–৯২ তারিখ হতে প্রধান শিক্ষক হিসেবে স্বাক্ষরযুক্ত রিটার্ন দাখিল করেছেন। বিষয়টি তদন্তের জন্য সাধারণ শিক্ষকরা শিক্ষা অধিদপ্তরের উর্ধতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন।